

💵 লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহ্যান - অনুচ্ছেদ সূচি রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

৩৩. এক মুহূর্ত ভাবুন

আসুন, আমরা নিচের এই দোয়াগুলো আবৃত্তি করি-এ দোয়াগুলোর উদ্দেশ্য দুঃখ-কষ্ট, দুশ্চিন্তা-দুর্ভাবনা ও অভাব-অনটন দূর করা।

لَا إِلَهَ إِلَّا اللَّهُ الْعَظِيمُ الْحَلِيمُ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ الْعَرْشِ الْعَظِيمِ، لَا إِلَهَ إِلَّا اللَّهُ رَبُّ السَّمَوَاتِ، وَرَبُّ الْأَرْضِ، وَرَبُّ الْأَرْضِ، وَرَبُّ الْأَرْضِ، وَرَبُّ الْعَرْشِ الْعَرْشِ الْكَريمِ يَا حَىُّ يَا قَيُّومُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ برَحْمَتِكَ أَسْتَغِيثُ

اللَّهُمَّ رَحْمَتَكَ أَرْجُو فَلَا تَكِلْنِي إِلَى نَفْسِي طَرْفَةَ عَيْن، وَأَصْلِحْ لِي شَأْنِي كُلَّهُ لَا إِلَهَ إِلَّا أَنْتَ

أَسْتَغْفِرُ اللهَ العَظِيمَ الَّذي لاَ إِلَهَ إِلاَّ هُوَ، الحَيُّ القَيُّومُ، وَأَتُوبُ إِلَيهِ

لَا إِلَهَ إِلَّا أَنْتَ سُبْحَانَكَ إِنِّي كُنْتُ مِنَ الظَّالِمِينَ

اللَّهُمَّ إِنِّي عَبْدُكَ، ابْنُ عَبْدِكَ، ابْنُ أَمَتِكَ، نَاصِيَتِي بِيَدِكَ، مَاضٍ فِيَّ حُكْمُكَ، عَدْلٌ فِيَّ قَضَاؤُكَ، أَسْأَلُكَ بِكُلِّ اسْمٍ هُوَ لَكَ سَمَيْتَ بِهِ نَفْسَكَ، أَوْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ، أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِنْ خَلْقِكَ، أَوِ اسْتَأْثَرْتَ بِهِ فِي عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ، هُوَ لَكَ سَمَيْتَ بِهِ نَفْسَكَ، أَوْ أَنْزَلْتَهُ فِي كِتَابِكَ، أَوْ عَلَّمْتَهُ أَحَدًا مِنْ خَلْقِكَ، أُو اسْتَأْثَرْتَ بِهِ فِي عِلْمِ الْغَيْبِ عِنْدَكَ، أَنْ تَجْعَلَ الْقُرْآنَ رَبِيعَ قَلْبِي، وَنُورَ صَدْرِي، وَجَلَاءَ حُرْنِي، وَذَهَابَ هَمِّي وجلاء حزني

اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْهَمِّ وَالْحَزَنِ، وَالْعَجْزِ وَالْكَسَلِ، وَالْبُخْلِ وَالْجُبْنِ ، وَضَلَعِ الدَّيْنِ، وَغَلَبَةِ الرِّجَالِ حَسْبُنَا اللهُ وَنِعْمَ الْوَكِيلُ

অর্থাৎ, "আল্লাহ ছাড়া অন্য কোন উপাস্য (ইলাহ) নেই, তিনি চিরধৈর্যশীল, অতি মহান। আল্লাহ ব্যতীত অন্য কোন ইলাহ (উপাস্য) নেই, তিনি বিশাল আরশের অধিপতি, আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, তিনি আসমানসমূহের অধিপতি এবং পৃথিবীর প্রতিপালক এবং মহা আরশের প্রভু। হে চিরঞ্জীব! হে সব কিছুর ধারক, রক্ষক ও প্রতিপালক আপনি ছাড়া কোন ইলাহ (উপাস্য ও প্রভু) নেই। আমরা আপনার দয়ার দোহাই দিয়ে আপনার সাহায্য কামনা করি।"

"হে আল্লাহ! আমি আপনার করুণার আশা করি। তাই আমাকে আমার নিকট সোপর্দ করবেন না, এমনকি এক মুহুর্তের জন্যও না। আর আমার সকল কাজকে বিশুদ্ধ করে দিন। আপনি ছাড়া কোন ইলাহ নেই।"

"আল্লাহর নিকট ক্ষমা ভিক্ষা চাই; তিনি ছাড়া কোন ইলাহ নেই। তিনি চিরঞ্জীব সবকিছুর প্রতিপালক, রক্ষক এবং আমি তার নিকট তওবা করছি। (অনুতপ্ত হয়ে ফিরছি)।"

"আপনি ছাড়া কোন ইলাহ নেই; আপনি কতই না পবিত্র, উত্তম ও নিখুঁত। আমিতো অত্যাচারীদের একজন ছিলাম।"

"হে আল্লাহ! নিঃসন্দেহে আমি আপনার বান্দা, আপনার এক বান্দা ও এক বান্দির সন্তান, আপনার হাতে আমার



মালিকানা, আমার ব্যাপারে আপনার সিদ্ধান্তই অবধারিত, আমার ব্যাপারে আপনার ফয়সালাই সঠিক, যে সমস্ত নামে আপনি নিজেকে ভূষিত করেছেন বা আপনার কিতাবে আপনার যেসব নাম অবতীর্ণ করেছেন বা আপনার সৃষ্টির কাউকে শিখিয়েছেন, অথবা আপনার নিকটই ইলমে গাইবের অন্তর্ভুক্ত করেছেন সেসব নামের উসিলায় বিষন্নতা দূরকারী ও আমার দুশ্ভিন্তা মুক্তকারী বানানোর জন্য আমি আপনার নিকট আবেদন করছি।"
"হে আল্লাহ! আমি আপনার নিকট দুশ্ভিন্তা, দুঃখ-বেদনা, অক্ষমতা, অলসতা, কৃপণতা, ভীরুতা-কাপুরুষতা, ঋণগ্রস্ত হওয়া ও মানুষের নিকট পরাজিত হওয়া থেকে পানাহ চাই।"

"আল্লাহই আমাদের জন্য যথেষ্ট আর তিনি কতই না চমৎকার অভিভাবক!"

Source — https://www.hadithbd.com/books/link/?id=7542

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন